

শিক্ষা বাণিজ্য বন্ধে এক মাসের সময়সীমা ছাত্র-অভিভাবকদের

■ সমকাল প্রতিবেদক

শ্রেণীকক্ষে মানসম্মত লেখাপড়া, শিক্ষা বাণিজ্য বন্ধ এবং নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে তদারকি করতে শিক্ষা মন্ত্রণালয় এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের প্রতি আশ্বাস জানিয়েছে ছাত্র-অভিভাবক ফোরাম। এ দাবি বাস্তবায়নের জন্য সরকার ও শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এক মাসের সময় দেওয়া হয়। না হলে রাজপথে নেমে আসার হুমকি দেন তারা। গতকাল শনিবার জাতীয় প্রেস ক্লাবের সামনে আয়োজিত মানববন্ধন থেকে এ হুমকি দেওয়া হয়। বজারা শিক্ষক নিয়োগ বাণিজ্য ও কোচিং বাণিজ্য বন্ধের দাবি জানান। মানববন্ধনে গতিবিহীন আইডিয়াল স্কুল এবং ভিকারুননিসা নুন স্কুলসহ রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

ফোরামের সভাপতি জিয়াউল কবির দুপুর সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন সাবেক ভারপ্রাপ্ত শিক্ষা সচিব সিরাজ উদ্দিন আহমেদ, আডভোকেট ইউনুস আলী আকন্দ, মঞ্জুর হোসেন ঈসা, সেলিম উদ্দিন, সেলিম মিয়া, নিজামউদ্দিন তাপুকদার, এবি সিদ্দিক মোম্বা, আনোয়ার হোসেন প্রমুখ।

বক্তারা বলেন, শ্রেণীকক্ষে মানসম্মত লেখাপড়ার জন্য শিক্ষার সৃষ্ট পরিবেশ নিশ্চিত, যোগ্য শিক্ষক নিয়োগ, শ্রেণীকক্ষে ৪০ থেকে ৫০ জন ছাত্রছাত্রীর বেশি না হওয়া, সৃজনশীল শিক্ষার জন্য শিক্ষকদের পর্যাপ্ত প্রশিক্ষণের ব্যবস্থা থাকা দরকার। বর্তমানে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে সে ব্যবস্থা নেই।